বাংলাদেশ শিপিং কর্পোরেশন
Bangladesh Shipping corporation
বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
www.bsc.gov.bd

# আইন উপদেষ্টা এবং প্যানেল আইনবিদ নিয়োগ বিজ্ঞপ্তি

নং-১৮.১৬.০০০০.৩৫২.০৪.০০২.২০. তারিখঃ ৩০ নভেম্বর, ২০২০খ্রিঃ

০১। বাংলাদেশ শিপিং কর্পোরেশন-এর পক্ষে/বিপক্ষে দেশের বিভিন্ন আদালতে (সুপ্রিম কোর্ট ও নিম্ন আদালতসমূহে) মামলা পরিচালনার নিমিত্তে আইন উপদেষ্টা ও আইনজীবীদের প্যানেল তৈরীর জন্য আইন পেশায় নিয়োজিত (দেওয়ানী, ফৌজদারী, অর্থ, শ্রম, এ্যাডমিরালটি, বীমা এবং আর্বিট্রেশন সংক্রান্ত ইত্যাদি) নিম্নোক্ত যোগ্যতা ও দক্ষতা সম্পন্ন দক্ষ ও নিষ্ঠাবান বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

০২। শিক্ষাগত যোগ্যতাঃ

(ক) আইন উপদেষ্টাঃ আইন উপদেষ্টা পদের জন্য প্রার্থীদের বার-এট-ল ডিগ্রী থাকতে হবে ।

(খ) প্যানেল আইনবিদঃ প্যানেল আইনবিদ পদের জন্য কোন অনুমোদিত ও স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে এল. এল. বি ডিগ্রী থাকতে হবে ।

০৩। অভিজ্ঞতাঃ

(ক) আইন উপদেষ্টাঃ

(i) হাইকোর্ট ও আপীল বিভাগের এনরোলমেন্ট থাকতে হবে।

(ii) প্রার্থীদের হাইকোর্ট ও আপীল বিভাগে মামলা পরিচালনায় কমপক্ষে ১০ বছরের অভিজ্ঞতাসহ আইন ব্যবসায় ন্যূনতম ১২- ১৫ বছরের পেশাগত অনুশীলনের অভিজ্ঞতা থাকতে হবে। এছাড়া, আন্তর্জাতিক নৌ-বাণিজ্য সংশ্লিষ্ট যাবতীয় আইন, বিধি- বিধান, প্রটোকল ইত্যাদি সম্পর্কে প্রয়োজনীয় বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;

(iii) রিটেইনার আইন উপদেষ্টাকে অবশ্যই এডমিরালিটি মামলা পরিচালনার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

(খ) প্যানেল আইনবিদঃ

(i) প্রার্থীকে পেশাগত যোগ্যতার স্বীকৃতি ও সংশ্লিষ্ট আদালতে এনরোলমেন্টসহ দেওয়ানী ও ফৌজদারী মামলা পরিচালনায় নিরবচ্ছিন্নভাবে ১০ বছরের পেশাগত অভিজ্ঞতা অবশ্যই থাকতে হবে। উচ্চ আদালতে মামলা পরিচালনার অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।

(ii) প্রার্থীকে আন্তর্জাতিক নৌ-বাণিজ্য সংশ্লিষ্ট যাবতীয় আইন,প্রটোকল ইত্যাদি সম্পর্কে বাস্তব জ্ঞান ও এতদসংশ্লিষ্ট মামলা পরিচালনায় অভিজ্ঞতা থাকতে হবে। এডমিরালিটি মামলা পরিচালনার বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।

(iii) আইনজীবী প্রতিষ্টান হিসেবে আবেদনের ক্ষেত্রে ল' ফার্মকে কমপক্ষে ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

(iv) শ্রম আদালতের জন্য আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট আদালতে মামলা পরিচালনার কাজে কমপক্ষে ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শ্রম আদালতের আপীল বিভাগে মামলা পরিচালনায় অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

(v) অন্য কোন প্রতিষ্টানে প্যানেল আইনবিদ হিসেবে নিয়োজিত থাকলে (প্রমাণক থাকতে হবে) নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

০৪। অন্যান শর্তাবলীঃ

(i) প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

(ii) প্রার্থীকে অবশ্যই সুস্বাস্থ্যের অধিকারী এবং সংস্থার প্রয়োজনে স্ব স্ব স্থানের বাইরে পরিদর্শনে যেতে সক্ষম হতে হবে।

(iii) প্রার্থী বিএসসির স্বার্থ পরিপন্থি/প্রতিদ্বন্দ্বী কোন সরকারী বা বেসরকারী সংস্থা/ব্যক্তির আইন উপদেষ্টা/ আইনজীবি হিসেবে নিয়োজিত থাকতে পারবেন না;

(iv) আইন উপদেষ্টা ও প্যানেল আইনবিদ পদের জন্য পৃথকভাবে আবেদন করতে হবে।

(v) নির্বাচিত কোন প্রার্থী দায়িত্ব হতে অব্যাহতি চাইলে ৩০ (ত্রিশ) দিন পূর্বে সংস্থাকে নোটিশ প্রদান করতে হবে এবং সংস্থাও ৩০ (ত্রিশ) দিন পূর্বে নোটিশ দিয়ে অব্যাহতি দিতে পারবে।

(vi) নির্বাচিত রিটেইনার আইন উপদেষ্টা বিএসসি কর্তৃক নির্ধারিত এবং প্রদেয় মাসিক রিটেইনার ফি পাবেন। রিটেইনার আইন উপদেষ্টা এবং প্যানেলভূক্ত আইনবিদগণ কর্তৃক বিভিন্ন মামলা পরিচালনার জন্য প্রচলিত ফি ও অন্যান্য প্রাপ্য খরচাদি বিএসসির নির্ধারিত হার (Rate schedule) অনুযায়ী পরিশোধ করা হবে।

(vii) প্রার্থীকে নাম, পিতা/স্বামী ও মাতার নাম, জন্ম তারিখ, স্থায়ী ও বর্তমান ঠিকানা, চেম্বারের ঠিকানা, শিক্ষাগত যোগ্যতার বিবরণ (পরীক্ষার নাম, পাসের বছর, প্রাপ্ত শ্রেণী/বিভাগ, বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নাম), প্রশিক্ষণ ও অভিজ্ঞতার বিবরণ, হাইকোর্ট ও আপীল বিভাগে এনরোলমেন্টের সনদ ও যোগদানের তারিখ/ সংশ্লিষ্ট আদালতে এনরোলমেন্টের সনদ ও যোগদানের তারিখ, বার কাউন্সিলের সনদসহ সকল শিক্ষা সনদের অনুলিপি,জাতীয় পরিচয়পত্র ও সদ্য তোলা ০২ (দুই) কপি ছবি ইত্যাদি এবং পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্তসহ আবেদন করতে হবে।

০৫। দায়িত্বঃ

(i) রিটেইনার ভিত্তিতে নিয়োজিত আইন উপদেষ্টাকে অন্যান্য কাজের মধ্যে বিএসসির আইন ও প্রবিধানমালা অনুযায়ী সংস্থার স্বার্থ সংক্রান্ত যাবতীয় দলিল ও রেকর্ডপত্র পরীক্ষা-নিরীক্ষা করে আইনগত মতামত প্রদান, বিভিন্ন দলিলাদির খসড়া প্রণয়ন, সার্টিফাইড কপি উত্তোলন, আর্জি/আপত্তি প্রণয়ন, বিভিন্ন চুক্তি ও সম্মতিসমূহ (Consent) প্রস্তুত/ভেটিং প্রদান এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট আদালতে মামলা দায়ের ও সংস্থার পক্ষে প্রতিনিধিত্ব করা/ মামলা পরিচালনা করা, মামলার হালনাগাদ তথ্য প্রেরণ ও কর্তৃপক্ষ কর্তৃক ন্যস্ত আইন বিষয়ক দায়িত্ব পালন;

(ii) স্ব স্ব এলাকায় প্যানেল আইনবিদ প্রয়োজন মোতাবেক ফৌজদারী, দেওয়ানী, আর্বিট্রেশন, এ্যাডমিরালটি, অর্থ, শ্রম এবং বীমা সংক্রান্ত মামলাসমূহ পরিচালনা, মামলার হালনাগাদ তথ্য প্রেরণ ও কর্তৃপক্ষ কর্তৃক ন্যস্ত আইন বিষয়ক দায়িত্ব পালন করবেন।

০৬। বিএসসিতে ইতোমধ্যে যারা আইন উপদেষ্টা/প্যানেল আইনবিদ হিসেবে কাজ করেছেন/করছেন তারাও আবেদন করতে পারবেন।

০৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন/ সকল আবেদন গ্রহণ/ বাতিল করার অধিকার সংক্ষণ করেন। আইন উপদেষ্টা/ প্যানের আইনবিদ নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮। পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্তসহ দরখাস্ত আগামী ১৪-১২-২০২০খ্রিঃ তারিখের মধ্যে সচিব, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, ডাক বক্স নং-৬৪১, চট্টগ্রাম বরাবরে পৌছানোর জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য, অস্পষ্ট/অসম্পূর্ণ/নির্ধারিত সময়ের পর দরখাস্ত বাতিল বলে গণ্য হবে। খামের উপর পদের নাম ও কোন জেলায় আইন পেশায় নিয়োজিত তা উল্লেখ করতে হবে। সাক্ষাৎকারের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

৩০.১১.২০২০

(খালেদ মাহমুদ)
সচিব, বিএসসি
বাংলাদেশ শিপিং কর্পোরেশন
ফোনঃ ০৩১-৭২৪৪৭৯
ই-মেইলঃ sccy@bsc.gov.bd